


প্রিয় Jane Doe -এর পিতামাতা/অভিভাবক,


কমিটি অন স্পেশাল এডুকেশন (Committee on Special Education, CSE) Jane-কে নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট (New York State Alternate Assessment, NYSAA)-এ অংশগ্রহণ করার জন্য উপযুক্ত হিসেবে সনাক্ত করেছে। ডাইনামিক লার্নিং ম্যাপ্স (DLM অল্টারনেট অ্যাসেসমেন্ট) ব্যবহার করে ইংরেজি ভাষার কলা (English Language Arts, ELA), গণিত এবং বিজ্ঞানের মূল্যায়ন করা হয়। DLM NYSAA একটি কম্পিউটার-সরবরাহকৃত উপযোগিতা মূল্যায়ন যা অপরিহার্য উপাদান (Essential Elements)-এর ভিত্তিতে ছাত্রের জ্ঞান পরিমাপ করে। অপরিহার্য উপাদান হল বিকল্প কৃতিত্ব অর্জনের জন্য মানদণ্ড যা শিক্ষার মানের চেয়ে গভীরতা ও প্রসারে সংকুচিত।

এই রিপোর্টটি Jane-এর ফলাফল প্রদর্শন করে যা আপনাকে স্টেটের বিকল্প কৃতিত্ব অর্জনের জন্য মানদণ্ড অনুযায়ী Jane-এর অর্জিত কৃতিত্ব বুঝতে সাহায্য করতে পারে। শ্রেণীকক্ষের কাজ, অন্যান্য মান-ভিত্তিক মূল্যায়ন, এবং সমগ্র বছরের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করে আপনি Jane-এর অর্জিত কৃতিত্ব সম্পর্কে আরো বেশী জানতে পারবেন। Jane এর শিক্ষকদের সাথে শক্তিশালী অংশীদারিত্ব গড়ে তুলে, এবং পিতামাতা-শিক্ষকদের সমাবেশ ও CSE সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করে Jane এর কৃতিত্ব সম্পর্কে অতিরিক্ত প্রশ্নের সমাধান করা যাবে।

JANE এর সাফল্যের সমর্থন করা



Jane এর স্কুল কর্মসূচী এবং পাঠ্যক্রম সম্পর্কে CSE-র সাথে কথা বলুন।



Jane এর অনন্য চাহিদার উপর ভিত্তি করে এবং প্রতিটি কর্মক্ষমতার স্তরের সাথে সম্পর্কিত সুনির্দিষ্ট জ্ঞান, দক্ষতা এবং বোঝার ক্ষমতার সাথে সামঞ্জস্য রেখে কিভাবে তার পাঠন বিশেষভাবে প্রস্তুত করা যায় তা নিয়ে আলোচনা করার জন্য Jane এর শিক্ষকের সাথে সাক্ষাত করুন।


NYSAA সম্পর্কে তথ্যের জন্য দেখুন <http://www.p12.nysed.gov/assessment/nysaa/>

এই পরীক্ষা, নিউ ইয়র্ক স্টেটের শেখার মানদণ্ড, এবং আপনি কিভাবে Jane কে সফলতা লাভ করতে সহায়তা করতে পারবেন তা জানার জন্য দেখুন www.engageny.org/parent-and-family-resources/

অনুবাদ



www.engageny.org/translate



কর্মক্ষমতার স্তরের অর্থ কি?

Jane যে মাত্রা অবধি বিকল্প কৃতিত্ব অর্জনের শিক্ষার মানদণ্ড পূরণ করেছে তা বর্ণনা করতে সহায়তার জন্য শিক্ষকরা অপরিহার্য উপাদানগুলি নিবিড়ভাবে পরীক্ষা করেছেন এবং চারটি অর্জনের স্তর প্রণয়ন করেছেন, যা "কর্মক্ষমতার স্তর" হিসাবে পরিচিত। Jane করণীয় কাজ কতটা ভালোভাবে করেছে এবং কাজটি কতটা কঠিন ছিল তার সংমিশ্রণের মাধ্যমে একটি কর্মক্ষমতার স্তর নির্ধারণ করা হয়।

ধারণাগত ক্ষেত্র

এই বিষয়বস্তুর অধীনে পরীক্ষিত দক্ষতার শ্রেণীগুলিকে ধারণাগত ক্ষেত্র বলা হয়। নীচের অনুচ্ছেদটি প্রতিটি ধারণাগত ক্ষেত্রের মধ্যে পরীক্ষিত দক্ষতার সংখ্যা দেখায় এবং Jane সেই দক্ষতাগুলির মধ্যে কটি আয়ত্তে আনতে পেরেছে তা দেখায়। প্রতিটি ধারণাগত ক্ষেত্রের মধ্যে অন্তর্ভুক্ত দক্ষতাগুলি সম্পর্কে তথ্য পাওয়া যাবে <http://www.p12.nysed.gov/assessment/nysaa/>

JANE যে দক্ষতাগুলি আয়ত্তে এনেছে

66% | 35টির মধ্যে
23টি দক্ষতা
লেখার গুরুত্বপূর্ণ উপাদানগুলি নির্ধারণ করা

73% | 30টির মধ্যে
22টি দক্ষতা
বোঝা যায় এমন লেখা গঠন করা

60% | 5টির মধ্যে
3টি দক্ষতা
লেখা থেকে ধারণা এবং তথ্য একীভূত করা

40% | 15টির মধ্যে
6টি দক্ষতা
যোগাযোগের জন্য লেখা ব্যবহার করা